গাংনীতে শোভা নাজনীন হত্যাকারির ফাঁসির দাবিতে মানববন্ধন

দাবীকৃত যৌতুক না পেয়ে মেধাবী শিক্ষার্থী শোভা নাজনীনের ঘাতক স্বামীর ফাঁসির দাবীতে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়। শোভা নাজনীনের পিতা জাতীয় পাটি (জেপি)র মেহেরপুর জেলা সভাপতি আব্দুল হালিমের নের্তৃত্বে মানববন্ধনের আয়োজন করে গাংনী ডিগ্◌্রী কলেজের শিক্ষার্থীরা।

আজ বুধবার সকালে গাংনী প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত মানববন্ধনে যোগ দেন বিভিন্ন রাজনৈতিক সামাজিক সংগঠনের নেতাকর্মী ছাড়াও বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা।

শোভা নাজনীনের পিতা আব্দুল হালিম বলেন, গত ২০১৯ সালের ১০ সেপ্টেম্বর রাতে বিশ লক্ষ টাকা যৌতুকের দাবী শোভাকে নির্যাতন করার পর শ্বাসরুদ্ধ করে হত্যা করে স্বামী রবিউল ইসলাম। ওই রাতে শোভার পরিবারের সাথে রবিউল ও শোভার কল রেকর্ড থেকে নির্যাতনের ধারনা পাওয়া যায়। এ ব্যাপারে গাজীপুর সদর থানায় মামলা হয়। বর্তমানে মামলাটি আদালতে বিচারাধীন।

অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজাসহ অনেকে। বক্তাগণ শোভার স্বামী রবিউল ইসলামের ফাঁসির দাবী করেন।

মেহেরপুরে জেলা বিএনপির স্মারকলিপি প্রদান

সাবেক প্রধানমন্ত্রী,বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার দাবিতে মেহেরপুর জেলা বিএনপির পক্ষ থেকে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করা হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টার সময় মেহেরপুর উপজেলা পরিষদ থেকে পদযাত্রা শুরু করে জেলা প্রশাসকের কার্যালয়ের গিয়ে স্মারকলিপিটি প্রদান করা হয়। তাদের দাবি সম্বলিত স্মারকলিপিটি জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান গ্রহণ করেন।
সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন তাদের স্মারকলিপি প্রদানের সময় বলেন, আজ সারা দেশব্যাপী বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি ঘোষিত কর্মসূচি জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান। মেহেরপুর জেলা বিএনপির পক্ষ থেকে সেটা শান্তিপূর্ণভাবে জেলা প্রশাসক মহোদয়ের কাছে প্রদান করেছি।

তিনি আরো বলেন, আপনার জানেন আমাদের দাবি সুস্পষ্টভাবে বেগম খালেদা জিয়ার মুক্তি এবং উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর ব্যবস্থা। আমরা গত ১০ দিন ধরে শান্তিপূর্ণভাবে গণ অনশন, গণবিক্ষোভ শান্তিপূর্ণভাবে করে আসছি, এই বিক্ষোভ সমাবেশ করার আমাদের একটাই দাবি বেগম খালেদা জিয়ার মুক্তি এবং উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর ব্যবস্থা।

মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন এর নেতৃত্বে, স্মারকলিপি প্রদানের সময় উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম সহ জেলা বিএনপি ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা।

মেহেরপুরে নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়ন শীর্ষক সেমিনার

মেহেরপুর জেলা প্রশাসন ও মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের আয়োজনে নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়ন শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।
বুধবার সকাল ১১ টার দিকে জেলাপ্রেশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড মোহাম্মদ মুনসুর আলম খান।
অতিরিক্ত জেলা প্রশাসক হাফিজ আল আসাদের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর টিটিসির অধ্যক্ষ মো: আরিফ হোসেন তালুকদার।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সস্পাদক অ্যাড ইব্রাহীম শাহিন। বক্তব্য দেন মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন, শিক্ষক শ্বাশত নিপ্পন।
সেমিনারে প্রশিক্ষণ গ্রহণ করে দক্ষতা উন্নয়ন, বৈধ রিক্রুটিং এজেন্সির সাথে যোগাযোগ, তফসিলি ব্যাংকে অর্থ লেনদেনের বিষয়ে গুরত্ব দেন বক্তারা।

সেমিনার শেষে প্রশিক্ষণপ্রাপ্ত যুবকদের মাঝে সনদ প্রদান করা হয়।

বিএন কলেজের শিক্ষার্থীদের মানববন্ধন

গাংনী উপজেলার ভাটপাড়া (বিএন) কলেজের ২০২১ সালের অনুষ্ঠিতব্য উচ্ছ মাধ্যমিক পরীক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ডে বিষয় পরিবর্তনের দাবীতে মানববন্ধন করেছেন কলেজের পরীক্ষার্থীরা।

মঙ্গলবার বেলা ১২ টার দিকে গাংনী উপজেলা পরিষদের কেন্দ্রীয় শহীদ মিনার পাদদেশে এ মানববন্ধন করেন তারা।

মানববন্ধনে বক্তব্য রাখেন, উচ্ছ মাধ্যমিক পরীক্ষার্থী শৌরভ হোসেন, সাকিব খান, ইভা খাতুন, মনিয়া খাতুন প্রমুখ। সংক্ষিপ্ত বক্তব্যে এসব শিক্ষার্থীরা জানান, আমরা সারা বছর পড়েছি আমাদের মুল বিষয় ইসলাম শিক্ষা। অথচ, আগাামী মাসের ২ তারিখে অনুষ্ঠিতব্য উচ্ছ মাধ্যমিক পরীক্ষায় আমাদের পরীক্ষা দিতে হবে ভূগোল বিষয়ে। ভূগোল আমাদের চতুর্থ বিষয়। অথচ, এটাকে আমাদের মুল বিষয় হিসেবে পরীক্ষায় অংশ নেওয়ার জন্য প্রবেশ পত্রে নাম এসেছে। আমাদের দাবী মুল বিষয় ইসলাম শিক্ষায় আমাদের পরীক্ষা নেওয়া হোক।

এসব শিক্ষার্থীরা আরও জানান, বিএন কলেজের শিক্ষকদের মধ্যে রেশারেশির কারনে কলেজের অধ্যক্ষ আফম আলিমুজ্জামান জয়েল ইচ্ছাকৃতভাবে এই ভুল করেছেন। আমাদের দাবী ইসলাম শিক্ষা বিষয়ে আমাদের পরীক্ষা নেওয়া হোক।

ব্যাডমিন্টন খেলার মাঠেই মারা গেলেন মসজিদের ঈমাম সাঈদ

বন্ধুদের সাথে ব্যাড মিন্টন খেলতে গিয়ে খেলার মাঠেই দম বন্ধ হয়ে মারা গেলো মাদ্রাসা ছাত্র ও মসজিদের ইমাম কিশোর আবু সাঈদ (১৫)।

আবু সাঈদ গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামের জোবেদ আলীর ছেলে ও করমদী দাখিল মাদ্রাসার দশম শ্রেনীর ছাত্র। সে সাহেবনগর জামে মসজিদের ইমামতিও করতেন।

মঙ্গলবার সন্ধ্যায় তার বন্ধুদের সাথে খেলতে গিয়ে ব্যাড মিন্টন মাঠেই দম বন্ধ হয়ে পড়ে। পরে খেলার মাঠেই মারা যায় সে।

প্রত্যক্ষ দর্শি শফিউল ইসলাম জানান, স্থানীয় কিশোর রুহান হোসেন, জুহাব আলী, ফয়সাল হোসেন ও আবু সাঈদ ব্যাড মিন্টন খেলছিলেন। মাত্র কয়েক মিনিট খেলার পর আবু সাঈদ মাটিতে লুটিয়ে

পড়ে। সাথে সাথে তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক মৃতু ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) রায়হান উদ্দীন জানান, রোগীকে হাসপাতালে আনার আগেই মারা গেছে। তবে তার পরিবারের কথায় ধারনা করা হচ্ছে, দম বন্ধ হয়ে মারা গেছেন আবু সাঈদ।

ঝিনাইদহে নারীদের মাঝে বিনামুল্যে বাছুর বিতরণ

নারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে পরিবারের আর্থিক স্বচ্ছলতা বাড়াতে ঝিনাইদহে হতদরিদ্র পরিবারদের মাঝে বিনামূল্যে বকনা গরু বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)’র সভাপতি নুরুল ইসলাম, নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ, পাগলা কানাই ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী আসনের সদস্য শেফালী খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নের কোরাপাড়া গ্রামের ৭ জন নারীর মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়। এর আগে গাভী পালনের উপর ওই নারীদের প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

কালীগঞ্জে পিকআপ চাপায় অজ্ঞাত বৃদ্ধ নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ-গান্না সড়কে কাঁচামাল বোঝাই পিকআপ চাপায় অজ্ঞাত (৬০) এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ সময় মোটরসাইকেল চালক আহত হয়েছেন।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে উপজেলার আলাইপুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। প্রতিবেদন লেখা পর্যন্ত অজ্ঞাত বৃদ্ধের ও আহত মোটরসাইকেল চালকের নাম-পরিচয় জানা যায়নি।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বিকেলে খুব দ্রুত গতিতে কাঁচামাল বোঝাই একটি পিকআপ কালীগঞ্জ শহরের দিকে যাচ্ছিল। পথিমধ্যে আলাইপুর নামক স্থানে পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে মোটরসাইকেলটিকে চাপা দেয়। মোটরসাইকেলে থাকা দুইজন রাস্তার উপর পড়ে গুরুতর আহত হয়। এ সময় ঘটনাস্থলেই অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু হয়। স্থানীয়দের খবর পেয়ে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তাদের উদ্ধার করে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, পিকআপ চাপায় মোটরসাইকেলে থাকা এক ব্যক্তির ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে। আহত অন্যজনকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করা হয়। পরবর্তীতে আহত ব্যক্তির অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে যশোর হাসপাতালে রেফার্ট করা হয়েছে।

আসন্ন ইউপি নির্বাচন ঘিরে কোটচাঁদপুরে ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান

সড়ক দূর্ঘটনা রোধ ও আসন্ন ইউপি নির্বাচনে আইন-শৃঙ্খলা বজায়

রাখতে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিশেষ অভিযান চালিয়েছে জেলা ট্রাফিক পুলিশ। এসময় রেজিষ্ট্রেশন বিহীন ২৭টি মোটরসাইকেল জব্দ ও বিভিন্ন ধারায় ৫১ টি মামলা দেওয়া হয়েছে।

মঙ্গলবার দুপুরে পৌর শহরের মেইন বাসষ্টান্ড সহ বিভিন্ন পয়েন্টে চেকপোষ্ট বসিয়ে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানের নের্তৃত্ব দানকারী ঝিনাইদহ ট্রাফিক বিভাগের ইনচার্জ ইন্সপেক্টর সালাহ্উদ্দিন জানান, সারা দেশে সড়ক দূর্ঘটনা বেড়ে যাওয়া, বেপরোয়া মোটরসাইকেল চালানো, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আইন-শৃঙ্খলা বজায় ও রেজিষ্ট্রেশন বিহীন মোটরসাইকেল জব্দ করতে জেলা পুলিশ সুপারের নির্দেশনায় মঙ্গলবার সকাল থেকে কালিগঞ্জ ও কোটচাঁদপুরের বিভিন্ন পয়েন্টে চেকপোষ্ট বসিয়ে অভিযান পরিচালনা করা হয়।

এসময় নিবন্ধনহীন ও কাগজপত্রে বিভিন্ন অনিয়মের কারণে ৫১ টি মামলা ও ২৭টি মোটরসাইকেল জব্দ করা হয়। পরে জব্দকৃত মোটরসাইকেল কোটচাঁদপুর ও কালিগঞ্জ থানা পুলিশের হেফাজতে রাখা হয়।

অভিযানে ইন্সপেক্টর মশিয়ুর রহমান, সার্জেন্ট আসাদ, সার্জেন্ট শুভ্র, সার্জেন্ট মোজাফফর সহ থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুল মান্নান, এসআই আনোয়ারুল ইসলাম ও উপ-পরিদর্শক কালাম এবং থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন

কোটচাঁদপুরে ইজিবাইকের ধাক্কায় শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ইজিবাইকের ধাক্কায় বাবার হাত থেকে ছিটকে পড়ে রোহান নামে ১৪ মাসের এক শিশু পুত্রের মর্মান্তিক মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বিকালে উপজেলার গুড়পাড়া গ্রামে এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় ঘাতক ইজিবাইক দুটি আটক করেছে পুলিশ। নিহতের চাচা জানান, মঙ্গলবার সকালে গুড়পাড়া থেকে শিশুটি বাবা-মায়ের সঙ্গে নানা বাড়ি পৌর

শহরের নওদাগা গ্রামে যাচ্ছিল। পথিমধ্যে বকশিপুর গ্রামে আসলে বিপরিত দিক থেকে আসা মাছ বোঝায় একটি আলমসাধুকে সাইড দিতে সড়কের পাশে দাড়ায়।

এসময় পিছন দিকে থেকে অন্য একটি ইজিবাইক তাদের কে ধাক্কা দেয়। এতে ইজিবাইকটি উল্টে গেলে বাবার কোলে থাকা শিশু রোহান সড়কের উপর ছিটকে পড়ে। দূর্ঘটনায় রোহান মাথায় গুরতর আঘাত পায়।

স্থানীয়রা আহত শিশুটিকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে যশোর জেনারেল হাসপাতালে পাঠায়। উন্নত চিকিৎসার জন্য কোটচাঁদপুর থেকে দ্রুত শিশুটিকে যশোর নেওয়ার পথে পথিমধ্যে তার মৃত্যু হয়।

এঘটনায় পুলিশ আলমসাধু সহ ইজিবাইক দুটিকে আটক করেছে। এদিকে একমাত্র ছেলেকে হারিয়ে পাগল প্রায় রোহানের বাবা-মা। রোহান গুড়পাড়া গ্রামের রাশেদ মোল্লার একমাত্র ছেলে।

কালীগঞ্জ ইউপি নির্বাচন ত্রিলোচনপুর ইউপির চেয়ারম্যান প্রার্থী তৃতীয় লিঙ্গের নজরুল

সারা দেশে নির্বাচনী উৎসব চলছে। আর এই উৎসবে নতুনমাত্রা যোগ করেছে তৃতীয় লিঙ্গের চেয়ারম্যান প্রার্থী। ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ৬নং ত্রিলোচনপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে নির্বাচন করছেন তৃতীয় লিঙ্গের নজরুল ইসলাম ঋতু। তার প্রতীক আনারস।

আগামী ২৮ নভেম্বর উপজেলার ১১ ইউনিয়নের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। চেয়ারম্যান পদে আরও নির্বাচন করছেন নৌকা প্রতীক নিয়ে নজরুল ইসলাম ছানা ও হাতপাখা প্রতীক নিয়ে মাহবুবুর রহমান। নজরুল ইসলাম ঋতু উপজেলার ত্রিলোচনপুর ইউনিয়নের দাদপুর গ্রামের মৃত আব্দুল কাদেরের সন্তান। তার আরও তিন ভাই ও তিন বোন রয়েছে। তিন ভাই

ঢাকায় থাকেন ও বোনদের বিয়ে হয়ে গেছে।

তৃতীয় লিঙ্গের চেয়ারম্যান প্রার্থী নজরুল ইসলাম ঋতু জানান, জন্মের পর তৃতীয় লিঙ্গ প্রকাশ পাওয়ার পর ৫ বছর বয়সে তাকে গ্রাম ছেড়ে ঢাকায় চলে যেতে হয়। সামান্য লেখাপড়া করলেও সামাজিক নানা প্রতিবন্ধকতায় প্রাথমিকের গণ্ডি আর পেরোনো হয়নি। ছোটবেলা থেকেই ঢাকার ডেমরা থানায় তার দলের গুরুমায়ের কাছেই বেড়ে ওঠা। এখন তার বয়স ৪৩ বছর।

তিনি আরও বলেন, এলাকার মানুষ আমাকে ভালোবেসে দাঁড় করিয়েছে। ভোটে জয়ী বা পরাজিত হলেও জীবনের বাকিটা সময় নিজ গ্রামসহ ইউনিয়নবাসীর সেবা করে যাব। শত্রুতা করে নির্বাচনী এলাকায় পোস্টার টাঙালে ছিঁড়ে ফেলে দিচ্ছেন প্রতিপক্ষরা। তার কর্মী- সমর্থকদের হুমকি ও মারধর করা হচ্ছে বলে তিনি অভিযোগ করেন। নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হলে তিনি আশা করছেন বিপুল ভোটে জয়লাভ করবেন।

লাউতলা এলাকার শাহাদত হোসেন রিওন বলেন, এলাকায় যিনি উন্নয়ন করবেন, মানুষের পাশে থাকবেন তাকেই ভোট দেবেন এলাকাবাসী। এই ইউনিয়নে তৃতীয় লিঙ্গের প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করায় আলাদা নির্বাচনে আলাদা মাত্রা যোগ করেছে। সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন সবাই আশা করছেন।

মাহবুব হোসেন নামে আরেকজন বলেন, এই ইউনিয়নে তিন প্রার্থী চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে নৌকার প্রার্থী নজরুল ইসলাম সানা ও স্বতন্ত্র প্রার্থী তৃতীয় লিঙ্গের নজরুল ইসলাম ঋতুর মধ্যে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হবে।

কালীগঞ্জ উপজেলা নির্বাচন কর্মকর্তা আলমগীর হোসেন জানান, ইতোমধ্যে তিনটি ইউনিয়নে বিনা প্রতিদ্বন্দ্বিতায় তিন চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। ৬নং ত্রিলোচনপুর ইউনিয়নে নজরুল ইসলাম ঋতু নামে একজন তৃতীয় লিঙ্গের প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। উল্লেখ্য, আগামী ২৮ নভেম্বর ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১১ ইউনিয়নের নির্বাচন। চেয়ারম্যান পদে ২৯ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।